

# 💵 সহীহ বুখারী (ইসলামিক ফাউন্ডেশন)

হাদিস নাম্বারঃ ৪১৩১ [আন্তর্জাতিক নাম্বারঃ ৪৪৮৩]

৫২/ তাফসীর (کتاب تفسیر)

পরিচ্ছেদঃ ২২৬২. মহান আল্লাহর বাণীঃ তোমরা মাকামে ইবরাহীমকে নামাযের স্থান নির্ধারণ কর। (২ঃ ১২৫) مثابة প্রত্যাবর্তন স্থল। يثويون অর্থ লোকজন প্রত্যাবর্তন করে।

باب واتخذوا من مقام إبراهيم مصلى مثابة يثوبون يرجعون

### আরবী

حَدَّثَنَا مُسَدَّدٌ، عَنْ يَحْيَى بْنِ سَعِيد، عَنْ حُمَيْد، عَنْ أَنسٍ، قَالَ قَالَ عُمَرُ وَافَقْتُ اللَّه فِي ثَلَاثٍ - قُلْتُ يَا رَسُولَ اللَّهِ، لَو اتَّخَذْتَ مَقَامَ إِبْرَاهِيمَ مُصلَلًى وَقُلْتُ يَا رَسُولَ اللَّهِ يَدْخُلُ عَلَيْكَ الْبَرُّ وَالْفَاجِرُ، فَلَوْ أَمَرْتَ أُمَّهَاتِ الْمُؤْمِنِينَ بِالْحِجَابِ وَقُلْتُ يَا رَسُولَ اللَّهُ آيَةَ الْحِجَابِ قَالَ وَبَلَغَنِي مُعَاتَبَةُ النَّبِيِّ صلى الله عليه وسلم بَعْضَ نِسَائِهِ، فَأَنْزُلَ اللَّهُ آيَةَ الْحِجَابِ قَالَ وَبَلَغَنِي مُعَاتَبَةُ النَّبِيِّ صلى الله عليه وسلم خَيْرًا فَدَخَلْتُ عَلَيْهِنَ قُلْتُ إِن الْتَهَيْتُنَ أَوْ لَيُبَدِّلَنَّ اللَّهُ رَسُولَهُ صلى الله عليه وسلم خَيْرًا مِنْكُنَّ. حَتَّى أَتَيْتُ إِحْدَى نِسَائِهِ، قَالَتْ يَا عُمَرُ، أَمَا فِي رَسُولِ اللَّهِ صلى الله عليه وسلم مَنْكُنَّ. حَتَّى أَتَيْطَهُنَّ أَنْتَ فَأَنْزُلَ اللَّهُ (عَسَى رَبُّهُ إِنْ طَلَقَكُنَّ أَنْ يُبَدِّلُهُ أَزْوَاجًا خَيْرًا مَنْكُنَّ مُسْلمَات) الآيَة.

وَقَالَ ابْنُ أَبِي مَرْيَمَ أَخْبَرَنَا يَحْيَى بْنُ أَيُّوبَ حَدَّثَنِي حُمَيْدٌ سَمِعْتُ أَنَسًا عَنْ عُمَر.

#### বাংলা

8১৩১। মুসাদ্দাদ (রহঃ) ... আনাস (রাঃ) থেকে বর্ণিত, তিনি বলেন, উমর (রাঃ) বলেছেন, তিনটি বিষয়ে আমার মতামত আল্লাহর ওহীর অনুরূপ হয়েছে অথবা (তিনি বলেছেন) তিনটি বিষয়ে আমার মতামতের অনুকুলে আল্লাহ ওহী নাযিল করেছেন। তা হল, আমি বলেছিলাম, ইয়া রাসূলাল্লাহ! যদি আপনি মাকামে ইবরাহীমকে সালাত (নামায/নামাজ)-এর স্থান হিসাবে গ্রহণ করতেন। এ বিষয়ে আল্লাহ তা'আলা নাযিল করলেন। তোমরা মাকামে ইবরাহীমকে সালাতের স্থানে নির্ধারণ কর (২:১২৫) আমি আরয করেছিলাম, ইয়া রাসূলাল্লাহ! আপনার কাছে ভাল ও মন্দ উভয় প্রকারে লোক আসে। কাজেই আপনি যদি উম্মাহাতুল মু'মিনীনদেরকে (আপনার স্ত্রীদের) পর্দা করার নির্দেশ দিতেন।

তখন আল্লাহ তা'আলা পর্দার আয়াত নাযিল করেন। তিনি আরো বলেন, আমি জানতে পেরেছিলাম যে, নবী



সাল্লাল্লাহ্ আলাইহি ওয়াসাল্লাম তাঁর কতক বিবির প্রতি অসম্ভষ্ট হয়েছেন। তখন আমি তাদের কাছে উপস্থিত হই, এবং বলি যে, আপনারা এর থেকে বিরত হবেন অথবা আল্লাহ তা'আলা তাঁর রাসূলকে আপনাদের চেয়েও উত্তম স্ত্রী প্রদান করবেন। এরপর আমি তাঁর কোন এক স্ত্রীর কাছে আসি, তখন তিনি বললেন, হে উমর! রাসূল সাল্লাল্লাহ্ আলাইহি ওয়াসাল্লাম তাঁর স্ত্রীগণকে নসীহত করে থাকেন আর এখন তুমি তাদের উপদেশ দিতে আরম্ভ করেছ? তখন আল্লাহ্ তা'আলা নাযিল করেনঃ ক্রান্ত্রী ক্রান্ত্রী নুঁটু বুঁটু ক্রান্ত্রী নুঁটু ক্রান্ত্রী করেছ করে পরিত্যাগ করেন তবে তাঁর রব সম্ভবত তোমাদের স্থলে তাঁকে দিবেন তোমাদের অপেক্ষা উত্তম স্ত্রী যারা হবে আত্মসমপর্ণকারী। (৬৬: ৫)

ইবনু আবী মারয়াম (রহঃ) বলেন, আনাস (রাঃ) থেকে বর্ণিত যে, উমর (রাঃ) আমার কাছে এরূপ বলেছেন।

## **English**

#### Narrated Anas:

'Umar said, "I agreed with Allah in three things," or said, "My Lord agreed with me in three things. I said, 'O Allah's Messenger (\*)! Would that you took the station of Abraham as a place of prayer.' I also said, 'O Allah's Messenger (\*)! Good and bad persons visit you! Would that you ordered the Mothers of the believers to cover themselves with veils.' So the Divine Verses of Al-Hijab (i.e. veiling of the women) were revealed. I came to know that the Prophet (\*) had blamed some of his wives so I entered upon them and said, 'You should either stop (troubling the Prophet (\*)) or else Allah will give His Apostle better wives than you.' When I came to one of his wives, she said to me, 'O `Umar! Does Allah's Messenger (\*) haven't what he could advise his wives with, that you try to advise them?' "Thereupon Allah revealed:-- "It may be, if he divorced you (all) his Lord will give him instead of you, wives better than you Muslims (who submit to Allah).." (66.5)

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ ইসলামিক ফাউন্ডেশন □ বর্ণনাকারীঃ আনাস ইবনু মালিক (রাঃ)

👲 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন